

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৯২.১৮-৩৪৩

তারিখঃ ২০ আষাঢ় ১৪২৬
০৪ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৫৯২৮/মীমলার ১৫.০৫.১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরারঘাট এম ইউ সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমান মিয়া (ইনডেক্স নং-০৮৭৪৭২) এর অনুকূলে বেতন কোড ০৭ এর স্থলে বেতন কোড ০৫ প্রদান বিষয়ক আবেদন।

সূত্রঃ (১) ভুরারঘাট এম ইউ, বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর স্মারক নং-ভূফামা/সু/গা:২৯/১৯ তারিখ: ১৫.০৪.১৯ খ্রি।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮-৩৫৯ তারিখ: ২৬.১১.১৮ খ্রি।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.১৯২.১৮-৪১৬ তারিখ: ৩১.১০.১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৯২৮/২০১১ এর ১৫.০৫.১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরারঘাট এম ইউ সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমান মিয়া এর নাম এমপিওভুক্তক্রমে তা চালু করার জন্য সূত্র (৩) মূলে ডিজি, ডিএমইকে অনুরোধ করা হয়।

০২। তৎপ্রেক্ষিতে ডিএমই কর্তৃক সূত্র (২) মূলে গত জানুয়ারি/১৯ হতে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরারঘাট এম ইউ সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমান মিয়ার অনুকূলে ০৭ কোডে এমপিও চালু করা হয়।

০৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ তে অধ্যক্ষ আলিম মাদ্রাসার বেতনস্কেল ও গ্রেড ০৫। তাই এমপিও সংশোধনপূর্বক বেতন কোড ০৭ এর স্থলে বেতন গ্রেড ০৫ চালু করা আবশ্যিক মর্মে সূত্র (১) মূলে আবেদনকারী কর্তৃক জানানো হয়।

০৪। এফগে, বেতন কোড সংশোধন সংক্রান্ত আবেদনকারীর আবেদনটি বিবেচনা করার পূর্বে নিম্নে বিষয়গুলো স্পষ্ট হওয়া আবশ্যিক।

ক. ভুরারঘাট এম ইউ সিনিয়র মাদ্রাসায় অধ্যক্ষ হিসেবে যোগদানের পর জনাব মো: আজিজুর রহমান মিয়া কোন বেতন কোডে এমপিওভুক্ত হয়েছিলেন এবং তা কবে থেকে ?


খ. ০৭ কোডে এমপিওভুক্ত হয়ে থাকলে ০৭ কোডে এমপিওভুক্ত হওয়ার কারণ এবং ০৫ কোডে এমপিওভুক্ত না হওয়ার কারণ কী?

গ. জনাব আজিজুর রহমান মিয়া ০৭ কোডে এমপিওভুক্ত হওয়ার পর বিষয়টি কখন জনাব আজিজুর রহমান মিয়া এর গোচরে এসেছে ?

ঘ. প্রকৃত কোডে এমপিওভুক্ত না হওয়ার বিষয়টি গোচরে আসার পর তা সংশোধনের জন্য জনাব মো: আজিজুর রহমান কর্তৃক কোন পদক্ষেপ নেয়া হয়েছিল কীনা? হয়ে থাকলে তা কি এবং পদক্ষেপের ফলাফল কী ?

ঙ. বর্তমানে জনাব মো: আজিজুর রহমান মিয়া, অধ্যক্ষ হিসেবে ০৫ কোডে এমপিওভুক্ত হওয়ার দাবীদার কীনা? হয়ে থাকলে বর্তমানে এ বিষয়ে করণীয় কী ?

০৫। এমতাবস্থায়, উপরি-উক্ত চাহিত তথ্যাদিসহ (প্রমাণকসহ) সুস্পষ্ট মতামত/সুপারিশ আগামী ১৫.০৭.১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।


(মো: আ: খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইকান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জনাব আজিজুর রহমান মিয়া, অধ্যক্ষ, ভুরারঘাট এম ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৭। মাস্টার কপি/অফিস কপি।